

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৪১

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৪. দিতীয় অনুচ্ছেদ - মাইয়্যিতের গোসল ও কাফন

### আরবী

وَعَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «خَيْرُ الْكَفَنِ الْحُلَّةُ وَعَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «خَيْرُ الْأُضْحِيَةِ الْكَبْشُ الْأَقْرَنُ» . رَوَاهُ أَبُو دَاؤُد

#### বাংলা

১৬৪১-[৮] 'উবাদাহ্ ইবনুস্ সামিত (রাঃ) হতে বর্ণিত। তিনি রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে বলেছেনঃ সবচেয়ে উত্তম 'কাফন' হলো ''হুল্লাহ্'', আর সর্বোত্তম কুরবানীর পশু হলো শিংওয়ালা দুম্বা। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৩১৫৬, য'ঈফ আল জামি' আস্ সগীর ২৮৮১, য'ঈফ আত্ তারগীব ৬৭৯। কারণ এর সানাদে হাতিম বিন আবী নাসর একজন মাজহূল রাবী যেমনটি হাফিয ইবনু হাজার (রহঃ) বলেছেন।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: 'হুল্লাহ্' বলতে ইয়ামান দেশীয় জোড়া যাতে একটি লুঙ্গি ও চাদর থাকে এক জাতীয়। মদ্য কথা 'হুল্লাহ্' হল দু'কাপড় এক কাপড়ের চেয়ে উত্তম আর তিন কাপড় হল কাফনের জন্য আরও উত্তম ও পরিপূর্ণ।

কারও মতে ইয়ামীন চাদর দ্বারা কাফন দেয়া উচিত, কেননা তাতে লাল অথবা সবুজ ডোরা দাগ রয়েছে। মাজহার বলেন, এ হাদীসের আলোকে কতক ইমাম এ ইয়ামানী চাদরকে পছন্দ করছেন। আর সঠিক কথা হল সাদা কাপড়ই উত্তম। ইতিপূর্বে 'আয়িশাহ (রাঃ) ও 'আব্বাস (রাঃ)-এর হাদীসের আলোকে।

কুরবানীতে শিংওয়ালা দুম্বা উত্তম। উদ্দেশ্য হল মহিলা দুম্বার চেয়ে পুরুষ দুম্বা উত্তম অথবা শিংওয়ালা দুম্বা কুরবানী করা উত্তম ভাগে কুরবানী করা উট ও গরু হতে।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন